

## 🔳 আল-আন'আম | Al-An'am | ٱلْأَنْعَام

আয়াতঃ ৬: ১৪৯

💵 আরবি মূল আয়াত:

## قُل فَلِلَّهِ الحُجَّةُ البَالِغَةُ فَلَو شَآءَ لَهَدٰىكُم اَجِمَعِينَ ﴿١٤٩﴾

## 🗚 আনুবাদসমূহ:

বল, 'চূড়ান্ত প্রমাণ আল্লাহরই। সুতরাং যদি তিনি চান, অবশ্যই তোমাদের সবাইকে হিদায়াত দেবেন।' — আল-বায়ান চূড়ান্ত সত্য-নির্ভর প্রমাণ তো আল্লাহর কাছে আছে, আল্লাহ যদি চাইতেন তাহলে তিনি অবশ্যই তোমাদের সকলকে সত্যপথে পরিচালিত করতেন। — তাইসিক্রল

তুমি বলে দাওঃ সত্য ভিত্তিক পূর্ণাঙ্গ দলীল প্রমাণতো একমাত্র আল্লাহরই রয়েছে, তিনি চাইলে তোমাদের সবাইকে হিদায়াত দান করতেন। — মুজিবুর রহমান

Say, "With Allah is the far-reaching argument. If He had willed, He would have guided you all." — Sahih International

১৪৯. বলুন, চূড়ান্ত প্রমাণ তো আল্লাহরই(১); সুতরাং তিনি যদি ইচ্ছে করতেন, তবে তোমাদের সবাইকে অবশ্যই হিদায়াত দিতেন।

(১) অর্থাৎ আল্লাহর কাছেই চুড়ান্ত প্রমাণাদি। তাঁর প্রমাণাদি দ্বারা তিনি তোমাদের যাবতীয় ধারণা ও অনুমানের মুলোৎপাটন করতে পারেন। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

(১৪৯) বল, 'চূড়ান্ত প্রমাণ তো আল্লাহরই। তিনি যদি ইচ্ছা করতেন, তাহলে তোমাদের সকলকে সৎপথে পরিচালিত করতেন।'

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=938

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন